দৈনিক ইত্তেফাক

তারিখ JAN 2 9 2000
পৃষ্ঠা ৬ কলাম ৪

26

# আন্তর্জাতিক মাতৃভাষা দিবস প্রসঙ্গে

আর মাত্র কয়েক দিন পর বিশ্বের অনেক দেশ প্রথমবারের মত আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করিবে। জাতিসংঘের অঙ্গসংগঠন ইউনেস্কো কর্তৃক এই দিবস স্বীকৃতির মাধ্যমে বাংলাদেশ বিশ্বের দরবারে আরও একবার নূতন করিয়া পরিচিতি লাভ করিল। ভাষা শহীদেরা আমাদের শ্রেষ্ঠ সন্তান। যেহেতু মাতৃভাষা দিবস প্রথমবারের মত আন্তর্জাতিকভাবে পালিত হইতে যাইতেছে। সেইহেতু এই দিবসের পটভূমি বিশ্বের সকল দেশের নিকট পরিচিত হওয়া প্রয়োজন। আমাদের শিক্ষা বিভাগ এই দেশের পটভূমি ও তাৎপর্য ইতিমধ্যে অন্যান্য দেশের সরকারের সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করিয়াছে কিনা অথবা আমাদের বিদেশী দূতাবাসগুলি এ ব্যাপারে কোন ব্যবস্থা নিয়াছে কিনা, তাহা আমরা জানি না। বিশ্বে মে দিবস, তামাক দিবস, হিরোশিমা দিবস, বয়স্ক দিবস, স্বাস্থ্য দিবস-এহেন হাজারো দিবস পালিত হইতেছে। এসব দিবসের অন্তর্নিহিত কারণগুলি আমরা জানি। আমাদের ছেলেদের আত্মগাথাও বিশ্বের মানুষের জানা উচিত। আমাদের দূতাবাসগুলি এই দিবসের তাৎপর্য তুলিয়া ধরিয়া প্রতিটি দেশের দৈনিক কাগজে ক্রোড়পত্র ছাপাইবার ব্যবস্থা নিতে পারে। স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়সহ সকল প্রতিষ্ঠানে দিবসটি যেন পালিত হয়, তাহার জন্য ব্যবস্থা নিতে হইবে। যাহারা শহীদ হইয়াছে, তাঁহাদের ছবিসহ জীবনীও ছাপানো যাইতে পারে।

**মাহবুবুল হক চৌধুরী,**
জেনারেল ম্যানেজার,
অগ্রণী ব্যাংক, ঢাকা।